দৈনিক বাংলা

৩২

তারিখ 2 3 APR 1992
পৃষ্ঠা ... কলাম ...

# এসএসসি ঃ প্রথম দিনে ৫১৯ জন পরীক্ষার্থী বহিষ্কৃত

স্টাফ রিপোর্টার ঃ এসএসসি পরীক্ষার প্রথম দিনে বুধবার দেশের চারটি শিক্ষা বোর্ড থেকে নকলের অভিযোগে মোট ৫১৯ জন ছাত্র ছাত্রীকে বহিষ্কার করা হয়েছে। পরীক্ষার প্রথম দিন বাংলা প্রথম পত্রের পরীক্ষা ছিল। চারটি বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকগণই এবারের এসএসসি পরীক্ষার প্রথম দিনের পরীক্ষার ব্যাপারে সন্তোষ প্রকাশ করেছেন। তারা জানান, অন্যান্য বছরের তুলনায় এবার নকলের প্রবণতা কম। তারা বলেনঃ নৈর্ব্যক্তিক ধারার প্রশ্নের ফলে নকল প্রবণতা হ্রাস পেয়েছে। পরীক্ষার্থীরাও নব প্রবর্তিত নৈর্ব্যক্তিক ধারার প্রশ্নের ব্যাপারে সন্তোষ প্রকাশ করেছে।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানানঃ কিছু নকলের ঘটনাছাড়া কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। তবে কুমিল্লা বোর্ডের বুড়ি চং উপজেলার একটি কেন্দ্রে ১৪৪ ধারা ভঙ্গের অভিযোগে পুলিশ এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে। পরীক্ষা কেন্দ্রে শান্তিশৃংখলা বজায় রাখার জন্য প্রয়োজনীয় পুলিশ বাহিনীসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয় বলে তারা জানান।

পরীক্ষার প্রথম দিনে শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বুধবার ঢাকা মহানগরীর মতিঝিল সরকারী বালক বিদ্যালয়, ঢাকা ওয়েস্টার্ন ইউসুফ উচ্চ বিদ্যালয়, ধানমন্ডি গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, আজিমপুর উচ্চ বালিকা বিদ্যালয় ও ওয়েস্ট এণ্ড হাইস্কুলে এসএসসি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। শিক্ষামন্ত্রী কর্তব্যরত শিক্ষক ও পরীক্ষার্থীদের সাথে কথা বলেন এবং তাদের পরীক্ষা সম্পর্কে খোঁজ খবর নেন।

শিক্ষা সচিব শফিউল আলম, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা মহাপরিচালক অধ্যাপক ইউনুস মিয়া, ঢাকা বোর্ডের (আটের পাতায় ৬-এর কঃ দ্রঃ)

## পরীক্ষার্থী বহিষ্কৃত

(প্রথম পৃঃ পর)

চেয়ারম্যান ওবায়দুল হক, পরীক্ষা নিয়ন্ত্রক ইউনুস আলী দেওয়ান ও ঢাকা জেলা প্রশাসক নাজমুল আলম সিদ্দিকী এ সময় উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এবারের এসএসসি পরীক্ষায় দেশের চারটি শিক্ষাবোর্ড হতে মোট পাঁচ লাখ ৩৯ হাজার ৯৯৯ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। পরীক্ষা ৯ই মে শেষ হবে।

রাজধানী ঢাকার বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে বুধবার জল বসন্তে আক্রান্ত বহু ছাত্রছাত্রীকে পরীক্ষা দিতে দেখা গেছে। বোর্ড কর্তৃপক্ষ এসব অসুস্থ পরীক্ষার্থীর জন্য পৃথক 'সিকরুমের' ব্যবস্থা করেন। তাদের সুবিধার্থে আলাদা ইনভেজিলেটর ও অন্যান্য কর্মচারীর ব্যবস্থা করা হয়।

ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক জানিয়েছেন ঃ বুধবারের বাংলা প্রথম পত্রের পরীক্ষা বিভিন্ন কেন্দ্র থেকে ৮৯ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এছাড়া যশোর বোর্ড থেকে ২০ জন, রাজশাহী বোর্ড থেকে ৩৩৭ জন এবং কুমিল্লা বোর্ড থেকে ৭৩ জন পরীক্ষার্থীকে নকলের অভিযোগে বহিষ্কার করা হয়েছে।

পরীক্ষার দ্বিতীয় দিন বৃহস্পতিবার বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে।